METROPOLITAN POLICE

TOWER HAMLETS

# আপনার প্রতিবেশীদের কি কুক্কু করার (কোকিলের মত অন্যের বাড়ি ব্যবহার করা) ঝুঁকি আছে?

**কুক্কু করা হচ্ছে কারো বাড়ি দখল করে সেই সম্পত্তিটা কোন রকম শোষণের কাজে ব্যবহার করা, যেমন ড্রাগের বেচাকেনা, যৌন কাজকর্ম, মানুষ পাচার করা, অস্ত্রশস্ত্র মজুত রাখা অথবা আর্থিক অপব্যবহার।**

**কুক্কু করার চিহ্নগুলির মধ্যে রয়েছে:**

- সেই সম্পত্তিতে সন্দেহজনক জিনিসপত্র থাকা, যেমন ওজন করার দাড়িপাল্লা, একাধিক ফোন, সিম কার্ড, ড্রাগের আনুসঙ্গিক সরঞ্জাম, নগদ টাকা এবং অন্যান্য মূল্যবান জিনিসপত্র
- বিপরীত ভাবে হয়ত দেখা যেতে পারে যে সেই সম্পত্তির ভেতরে মূল্যবান জিনিসপত্র খুব কমই আছে এবং সেই সম্পত্তিটা ভেতরে ও বাইরে দুই জায়গাতেই জীর্ণ হয়ে যেতে শুরু করেছে।
- দরজা ও জানালা যা ছিল তা একদম আটকে দেওয়া হয়েছে।
- সেই সম্পত্তিতে নতুন নতুন মুখ দেখা যাচ্ছে এবং সেই সম্পত্তিতে অধিবাসীদের নিয়মিত ভাবে পরিবর্তন হচ্ছে।
- সেই সম্পত্তিতে অচেনা লোকের উপস্থিতি, যারা হয়ত অধিবাসীর বন্ধু হিসাবে নিজেদের দেখাতে পারে।
- স্বাভাবিকের তুলনায় আরও বেশি সংখ্যক লোক সেই সম্পত্তিতে ঢুকছে, অথবা স্বাভাবিক সময়ের বাইরে সেখানে লোক ঢুকছে বা বেরোচ্ছে।
- সেই সম্পত্তিতে এবং তার আশেপাশে সম্ভাব্য সমাজ-বিরোধী আচরণ বেড়ে যাওয়া এবং সেই সম্পত্তির বাইরে আবর্জনার পরিমাণ বেড়ে যাওয়া, যেমন পানীয়ের ক্যান ও টেকয়াওয়ে প্যাকেজিং।
- অল্প সময়ের জন্য সেই সম্পত্তিতে গাড়ি আসতে থাকা
- ড্রাগ ব্যবহার করা এবং খোলাখুলি ভাবে ড্রাগের ব্যবসা করার চিহ্ন।

আপনি যদি চিন্তিত থাকেন, তাহলে দয়া করে **101** নম্বরে, অথবা কারো যদি তৎক্ষণাৎ দরকার থাকে তাহলে ইমারজেন্সীতে ৯৯৯ নম্বরে যোগাযোগ করবেন, অথবা এই QR কোডের মাধ্যমে অনলাইনে রিপোর্ট করবেন।

আপনার যদি উদ্বেগ থাকে যে যাকে কুক্কু করা হচ্ছে সে হয়ত একজন প্রাপ্তবয়স্ক লোক যার সহজে ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে, তাহলে আপনি নিচের ঠিকানায় একটা সেইফগার্ডিং রেফারাল করতে পারেন: **enquiry@towerhamletsconnect.org** অথবা টেলিফোন করবেন **0300 303 6070**.

তাছাড়াও, আপনি নাম না জানিয়ে এই QR কোডের মাধ্যমে ক্রাইমস্টপারসকে এটা রিপোর্ট করতে পারেন অথবা টেলিফোন করবেন **0800 555 111**

কুক্কু করা অধিবাসীরা হয়ত অপরাধের শিকার হতে পারেন এবং এই কাউন্সিলও, পুলিশের সাথে যৌথ ভাবে, কুক্কু করা অধিবাসীদের সাথে সহায়তা করবে। তাছাড়াও, যেসব ঠিকানা এই কুক্কু করার জন্য ব্যবহার করা হচ্ছে, সেগুলিতে লোকের ঢোকা প্রতিরোধ করার জন্য আমরা পদক্ষেপ নিতে পারি। স্থানীয় অধিবাসীদের ওপর যেগুলি ক্ষতিকারক প্রভাব ফেলে সেই সব অপরাধমূলক ক্রিয়াকলাপ এবং সমাজ-বিরোধী আচরণ বন্ধ করতে সাহায্য করতে পারে।

